# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

২.১৭ তিলাওয়াতে সিজদাহ - ১১৬. তিলাওয়াতে সিজদার ফযীলত কী?

আবু হোরায়রা (রা.) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ (স.) বলেছেন, ‘আদম সন্তান যখন সিজদার আয়াত পড়ে সিজদা করে শয়তান তখন তার কাছ থেকে দূরে গিয়ে কাঁদতে থাকে। আর বলে হায়! আদম সন্তানকে সিজদার নির্দেশ দিলে সে সিজদা করল, ফলে তার জন্য জান্নাত মঞ্জুর হয়ে গেল। আর আমাকে যখন সিজদার আদেশ করা হলো আমি তখন তা প্রত্যাখ্যান করে। জাহান্নামের ভাগী হলাম। (মুসলিম)

যখনই কেউ সিজদার আয়াত তিলাওয়াত করে তখন আয়াত পড়া বা শুনামাত্র আল্লাহকে সিজদা করবে। হানাফী ফকীহদের কাছে এ সিজদা করা ওয়াজিব এবং অন্যান্য ফকীহদের কাছে সুন্নাতে মুআক্কাদাহ)। কুরআন কারীমে মোট ১৫ জায়গায় সিজদার আয়াত রয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13002

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন